

া রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৫৯৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৫৮৮]

বিবিধ (كتاب المقدمات)

পরিচ্ছেদঃ ৬৮: হারাম বস্তুর ব্যাপারে সাবধানতা অবলম্বন এবং সন্দিহান বস্তু পরিহার করার গুরুত্ব

بَابُ الْوَرَعِ وَتَرْكِ الشُّبُهَاتِ _ (68)

আরবী

وَعَنِ النُّعَمَانِ بِنِ بَشِيرٍ رَضِيَ اللهُ عَنهُمَا، قَالَ: سَمِعْتُ رَسُولَ اللهِ صلى الله عليه وسلم صلى الله عليه وسلم، يَقُولُ: «إِنَّ الحَلاَلَ بَيِّنٌ، وَإِنَّ الحَرامَ بَيِّنٌ، وَبَيْنَهُمَا مُشْتَبَهَاتٌ لاَ يَعْلَمُهُنَّ كَثِيرٌ مِنَ النَّاسِ، فَمَنِ اتَّقَى الشُّبُهَاتِ، اسْتَبْرَأَ لِدينهِ وَعِرْضِهِ، وَمَنْ وَقَعَ فِي الشَّبُهَاتِ وَقَعَ في الحَرَامِ، كَالرَّاعِي يَرْعَى حَوْلَ الحِمَى يُوشِكُ أَنْ يَرْتَعَ فِيهِ، أَلاَ وَإِنَّ حَمَى اللهِ مَحَارِمُهُ، أَلاَ وَإِنَّ فِي الجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَت صَلَحَ الْجَسَدُ كُلُّهُ، وَإِذَا فَسَدَتْ فَسَدَ الْجَسَدُ كُلُّهُ، أَلاَ وَهِيَ القَلْبُ » مَتفقٌ عَلَيْهِ

বাংলা

আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَتَحاسَبُونَهُ ؟ هَيِّنًا وَهُوَ عِندَ ٱللَّهِ عَظِيمٍ ؟ ﴾ [النور: ١٥]

অর্থাৎ "তোমরা একে তুচ্ছ গণ্য করেছিলে; যদিও আল্লাহর দৃষ্টিতে এ ছিল গুরুতর বিষয়।" (সূরা নূর ১৫ আয়াত) তিনি আরো বলেন.

﴿ إِنَّ رَبُّكَ لَبِٱلسَّمِرا صَادِ ١٤ ﴾ [الفجر: ١٤]

অর্থাৎ "নিশ্চয় তোমার রব্ব সতর্ক দৃষ্টি রাখেন।" (সূরা ফজর ১৪)

১/৫৯৩। নু'মান ইবনে বাশীর রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে বলতে শুনেছি, ''অবশ্যই হালাল বিবৃত ও স্পষ্ট এবং হারাম বিবৃত ও স্পষ্ট, আর উভয়ের



মাঝে রয়েছে বহু সন্দিহান বস্তু; যা অনেক লোকেই জানে না। অতএব যে ব্যক্তি এই সন্দিহান বস্তুসমূহ হতে দূরে থাকবে, সে তার দ্বীন ও ইজ্জতকে বাঁচিয়ে নেবে এবং যে ব্যক্তি সন্দিহানে পতিত হবে (সন্দিগ্ধ বস্তু ভক্ষণ করবে), সে হারামে পতিত হবে।

(এর উদাহরণ সেই) রাখালের মত, যে নিষিদ্ধ চারণভূমির আশেপাশে পশু চরায়, তার পক্ষে নিষিদ্ধ সীমানায় পড়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে। শোন! প্রত্যেক বাদশাহরই সংরক্ষিত চারণভূমি থাকে। আর শোন! আল্লাহর সংরক্ষিত চারণভূমি হল তাঁর হারামকৃত বস্তুসমূহ। শোন! দেহের মধ্যে একটি মাংসপিন্ড রয়েছে; যখন তা সুস্থ থাকে, তখন গোটা দেহটাই সুস্থ হয়ে থাকে। আর যখন তা খারাপ হয়ে যায়, তখন গোটা দেহটাই খারাপ হয়ে যায়। শোন! তা হল হৎপিন্ড (অন্তর)।" (বুখারী ও মুসলিম) [1]

English

(68) Chapter: Leading an Abstemious Life and refraining from the Doubtful

Leading an Abstemious Life and refraining from the Doubtful

Allah, the Exalted, says:

"...you counted it a little thing, while with Allah it was very great." (24:15) "Verily, your Rubb is Ever Watchful (over them)." (89:14)

An-Nu'man bin Bashir (May Allah be pleased with them) reported:

Messenger of Allah () said, "What is lawful is clear and what is unlawful is clear, but between them are certain doubtful things which many people do not know. So he who guards against doubtful things keeps his religion and his honour blameless. But he who falls into doubtful things falls into that which is unlawful, just as a shepherd who grazes his cattle in the vicinity of a pasture declared prohibited (by the king); he is likely to stray into the pasture. Mind you, every king has a protected pasture and Allah's involved limits is that which He has declared unlawful. Verily, there is a piece of flesh in the body, if it is healthy, the whole body is healthy, and if it is corrupt, the whole body is corrupt. Verily, it is the heart."

[Al-Bukhari and Muslim].

Commentary: There are such meeting-points between what is permissible and what is not permissible in the matter of religion of which the majority of people are ignorant. If man abstains from them, it means that he is keeping his duty to Allah. Yet, if he is involved in them without caring for what is allowable or unallowable, he may be supposed to have outstepped the Divine limits. Businessmen and traders are particularly warned here to avoid



things of dubious nature and are urged to adopt only that pattern which is lawful. Another important point underlying this Hadith concerns the heart. Its purity or impurity directly affects the human conduct in a good or bad way. It is,

therefore, absolutely necessary to cleanse the heart of all wiles and impurities, and this is not possible without sound Faith and consciousness of Allah.

ফুটনোট

[1] সহীহুল বুখারী ৫২, ২০৫১, মুসলিম ১৫৯৯, তিরমিয়ী ১২০৫, নাসায়ী ৪৪৫৩, ৫৭১০, আবূ দাউদ ৩৩২৯, ইবনু মাজাহ ৩৯৮৪, আহমাদ ১৭৮৮৩, ১৭৯০৩, ২৭৬৩৮, ১৭৯৪৫, দারেমী ২৫৩১

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ নু'মান ইবনু বশীর (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন